# সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৭৬৭

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১২১. যে দু'আ পড়ে সালাত আরম্ভ করতে হয়

باب مَا يُسْتَفْتَحُ بِهِ الصَّلاَةُ مِنَ الدُّعَاءِ

আরবী

حَدَّثَنَا ابْنُ الْمُثَنَّى، حَدَّثَنَا عُمَرُ بْنُ يُونُسَ، حَدَّثَنَا عِكْرِمَةُ، حَدَّثَنِي يَحْيَى بْنُ أَبِي كَثِيرٍ، حَدَّثَنِي أَبُو سَلَمَةَ بْنُ عَبْدِ الرَّحْمَنِ بْنِ عَوْفٍ، سَأَلْتُ عَائِشَةَ بِأَىِّ شَىْءٍ كَانَ نَبِيُّ اللهِ صلي الله عليه وسلم يَفْتَتِحُ صَلاَتَهُ إِذَا قَامَ مِنَ اللَّيْلِ قَالَتْ كَانَ إِذَا قَامَ مِنَ اللَّيْلِ يَفْتَتِحُ صَلاَتَهُ " اللَّهُمَّ رَبَّ جِبْرِيلَ وَمِيكَائِيلَ وَإِسْرَافِيلَ فَاطِرَ السَّمَوَاتِ وَالأَرْضِ عَالِمَ الْغَيْبِ وَالشَّهَادَةِ أَنْتَ تَحْكُمُ بَيْنَ عِبَادِكَ فِيمَا كَانُوا فِيهِ يَخْتَلِفُونَ اهْدِنِي لِمَا اخْتُلِفَ فِيهِ مِنَ الْحَقِّ بِإِذْنِكَ إِنَّكَ أَنْتَ تَهْدِي مَنْ تَشَاءُ إِلَى صِرَاطٍ مُسْتَقِيمٍ " .

ـ حسن : م

বাংলা

৭৬৭। আবূ সালামা ইবনু ’আবদুর রহমান ইবনু ’আওফ (রাঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, আমি ’আয়িশাহ্ (রাঃ)-কে জিজ্ঞাসা করলাম, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম রাতের সালাত কিসের দ্বারা আরম্ভ করতেন? তিনি বললেন, তিনি রাতে দন্ডায়মান হয়ে এই দু’আ দ্বারা সালাত আরম্ভ করতেনঃ ’’আল্লাহুম্মা রব্বা জিবরীলা ওয়া মীকাঈলা ওয়া ইসরাফিলা ফাত্বিরাস্ সামাওয়াতি ওয়াল আরদা, ’আলিমুল গায়বি ওয়াশ শাহাদাতি, আনতা তাহকুমু বাইনা ’ইবাদিকা ফীমা কানূ ফীহি ইয়াখতালিফূন। ইহদিনী লিমাখতুলিফা ফীহি মিনাল হাক্কি বি-ইযনিকা, ইন্নাকা আনতা তাহদী মান তাশাউ ইলা সিরাত্বিম মুসতাক্বীম।’’ [1]

হাসান : মুসলিম।

## English

Abu Salamah b. ‘Abd al-Rahman b. ‘Awf said:

I asked ‘A’ishah: By what words the Prophet(ﷺ) used to begin his prayer when he stood up at night (to offer tahajjud prayer). She said: When he stood up at night, he began his prayer by saying: O Allah, Lord of Jibra’il, Lord of Mik’ail, and Lord of Israfil, Creator of the Heavens and the Earth, the Knower of what is seen and of what is unseen; Thou decides between Thy servants in which they used to differ. Guide me to the truth where there is a difference of opinion by Thy permission. Thou guidest anyone Thou wishes to the right path.

## ফুটনোট

[1] মুসলিম (অধ্যায়ঃ মুসাফিরের সালাত, অনুঃ তাহাজ্জুদ সালাতের দু'আ ও কিয়াম), তিরমিযী (অধ্যায়ঃ দা'ওয়াত, হাঃ ৩৪২০), নাসায়ী (অধ্যায়ঃ কিয়ামুল লাইল, অনুঃ কোন জিনিস দ্বারা সালাত শুরু করবে, হাঃ ১৬২৪), ইবনু মাজাহ (অধ্যায়ঃ সালাত ক্বায়িম, অনুঃ তাহাজ্জুদ সালাতে দু'আ পাঠ প্রসঙ্গে, হাঃ ১৩৫৭), আহমাদ (৬/১৫৬)।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী  বর্ণনাকারীঃ আবূ সালামাহ্ ইবনু আবদুর রাহমান (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=58085

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন